# বেশির ভাগ মানুষই ভূল পথে

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আউযু বিল্লাহি মিনাশ শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

وَإِن تُطِعْ أَكْثَرَ مَن فِي الأَرْضِ يُضِلُّوكَ عَن سَبِيلِ اللّهِ إِن يَتَّبِعُونَ إِلاَّ الظَّنَّ وَإِنْ هُمْ إِلاَّ يَخْرُصُونَ

"ওয়া'ইন তুতি' আকসারা মান ফিল আরদি ইউদিল্লুকা 'আন সাবিলিল্লাহি, ইয়াত্তিবি'উনা ইল্লাযান্না ওয়া'ইন হুম ইল্লা ইয়াখরুসুন" (সুরাহ আন'আমঃ১১৬)। আল্লাহ্ আযযা ওয়া জাল্লা বলেন, "তোমরা যদি এই পৃথিবীর বেশির ভাগ মানুষকে অনুসরণ কর, তারা তোমাদের সঠিক পথ থেকে সরিয়ে নিবে।"

তারা সবাই তাদের নাফসের অনুসরণ করে। নাফস যা চায় এবং শয়তান যা চায় তাই তারা করে। এই হচ্ছে পৃথিবীর অবস্থা। অতএব বোলো না, "লোকেরা করে, তাই আমিও করতে পারবো, কিছুই হবে না।" সামান্য সংখ্যক লোকের কথা অনুসরণ কর, খুব সামান্য সংখ্যক। "তারা যা করে তা কর এবং তাদেরকে উদাহরণ হিসেবে গ্রহণ কর", বলেন আল্লাহ্ আযযা ওয়া জাল্লা।

সুতরাং, সংখ্যাগরিষ্ঠরা কিছু করে মানেই যে তারা ঠিক এমন নয়। যা সঠিক তা হচ্ছে আল্লাহ্র আদেশকৃত পথ। বেশির ভাগ মানুষই তাদের নাফস অনুসরণ করে। মানুষেরা তাদের নাফসের অনুসরণ করেই খুশি এবং তারা সেই পথে দৌঁড়ায়।

মানুষেরা যদি একটু ভাবার জন্য থামে যে তারা যা করে তা ঠিক না ভূল, তাহলেই হঠাৎ করে তাদের চোখ আখিরাতের দিকে খুলে যায়। তারা অনুতাপ করে বলে, "আমরা ভূল পথে গিয়েছিলাম। আমরা ভূল লোকদের অনুসরণ করেছিলাম।" কিন্তু অনেক সময় অনুতাপ কোন কাজে আসে না।

আমাদেরকে এই বিষয়ে চিন্তা করতে হবে যখন আমরা পৃথিবীতে আছি। আমাদের হিসেব করতে হবে কতটুকু ঠিক এবং কতটুকু ভূল আমরা করেছি। পৃথিবীর বেশির ভাগই এমনিতেই অবিশ্বাসে আছে। সেসব লোকেরা এমনিতেই ধ্বংসপ্রাপ্ত। তাদের অর্থ, সম্পদ এবং লোক দেখানোর দিকে তাকিও না। সেসব তাদের জন্য নিরর্থক।

# হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

তারা বিশ্ব থেকে ডাকাতি করে তাদের দেশে সম্পদ নিয়ে গেছে। তবুও তারা দুনিয়ার জন্য তড়পায় কারণ তাদের সম্পদে কোন বারাকাত নেই। তারা শুধু দুনিয়া ছাড়া আর কিছু চিন্তা করে না। তারা দুনিয়া লাভের নতুন নতুন পথ খুঁজে বেড়ায় নিজেদের বুদ্ধি অনুযায়ী এবং কখনোই সঠিক পথ খুঁজে পায় না। আসলে তারা সঠিক পথ থেকে পালিয়ে বেড়ায়।

আল্লাহ্ আযযা ওয়া জাল্লা আমাদের সঠিক পথটি দেখিয়েছেন। উপদেশ হিসেবে বলছি, বেশির ভাগ মানুষ করে বলেই কখনো কোন কিছু কোরো না। তারা বেশির ভাগই ভূল পথে আছে। তুমি সেই পথে গেলে তুমিও ধ্বংস হবে। আল্লাহ্ আযযা ওয়া জাল্লা বলেন, “আমার পথে এসো”। আল্লাহ্ যেন আমাদের সবাইকে মানসিকতা এবং বুদ্ধিমত্তা দান করেন, এবং সঠিক পথ থেকে যেন বিপথগামী না করেন ইনশাআল্লাহ।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১৬ অক্টোবার ২০১৬/১৫ মুহাররাম ১৪৩৮
ফাজর নামায, আকবাবা দারগাহ।